

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং : ৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১৩-১৫১

তারিখ : ১৬/৭/২০১৬খ্রিঃ

বিষয় : আই,এম,ই,ডি কর্তৃক পরিদর্শন পর্যবেক্ষণ, মন্তব্য ও সুপারিশ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আই,এম,ই,ডি এর সম্মানিত যুগ্ম-প্রধান জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম গত ২৮/০৪/২০১৬খ্রিঃ ও ২৯/০৪/২০১৬খ্রিঃ তারিখে বরিশাল ও বরগুনা জেলা পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি যে সমস্ত সুপারিশ প্রেরণ করেছেন তা যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

- ০১। প্রতি অর্থ বছরের শুরুতেই প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষণ ভেন্যু বাছাই পূর্বক চলতি বছরের কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। তাছাড়া স্থানীয় ভাবে প্রশিক্ষকদের ডাটাবেজ ও প্রশিক্ষক পুল গঠনের উদ্যোগ নিতে হবে।
- ০২। প্রশিক্ষণার্থীদের নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, ভোটার আইডিকার্ডের নম্বর ও মোবাইল নম্বর যথাযথ ভাবে রেজিস্টারে এবং কম্পিউটারে সংরক্ষণ করতে হবে।
- ০৩। গত ১১/১০/২০১৫ খ্রিঃ তারিখে স্মারক নং ২৭২ মোতাবেক জুন/২০১৫খ্রিঃ পর্যন্ত বেশীর ভাগ উপজেলা হতে প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ও আত্মকর্মীদের নামের তালিকা ইতোমধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে জুলাই/১৫খ্রিঃ হতে জুন/১৬খ্রিঃ পর্যন্ত প্রশিক্ষণার্থী ও আত্মকর্মীদের নামের তালিকা ৩১ আগস্ট/১৬খ্রিঃ এর মধ্যে “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” প্রকল্পে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ জানানো হলো। প্রতি উপজেলায় কম্পিউটারে এ সকল তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
- ০৪। আপনার উপজেলায় ০১ (এক) ইউনিয়নে বেশীর ভাগ প্রশিক্ষণ না করে আপনার আওতাধীন সকল ইউনিয়ন/ওয়ার্ডে প্রশিক্ষণ পাওয়ার সুবিধা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।



(এ,এইচ,এম,সামসুজ্জামান)

প্রকল্প পরিচালক (উপ-সচিব)

প্রাপকঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর

৪৪২/১৫-উপজেলা

৫৭/১৫-জেলা।


“কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে

প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প”

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৭১২০৬৬০

অনুলিপিঃ

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,  জেলা(আপনাকে নির্ধারিত সময়ের সময়ের মধ্যে প্রশিক্ষণার্থী ও আত্মকর্মীদের নামের তালিকা “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” প্রকল্পে পৌছানো নিশ্চিত করতে অনুরোধ করা হলো।।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(আপনাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।